

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১০৮

পর্ব - ১ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮. গোসল ও যৌন অপবিত্র ব্যক্তির (জুনুবী) হুকুম - বীর্যনির্গত না হলে গোসল ফর্য হয় না

আরবী

عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ _ رضي الله عنه _ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم: «الْمَاءُ مِنَ الْمَاءِ». رَوَاهُ مُسْلِمٌ وَأَصْلُهُ فِي الْبُخَارِيِّ

صحيح. رواه مسلم (343)، عن أبي سعيد الخدري قال: خرجت مع رسول الله صلى الله عليه وسلم يوم الاثنين إلى قباء، حتى إذا كنا في بني سالم، وقف رسول الله صلى الله عليه وسلم على باب عتبان. فصرخ به، فخرج يجر إزاره، فقال رسول الله صلى الله عليه وسلم: «أعجلنا الرجل» فقال عتبان: يا رسول الله. أرأيت الرجل يعجل عن امرأته ولم يمن ماذا عليه؟ قال رسول الله صلى الله عليه وسلم: «إنما» الحديث

البخاري. (180)، ولفظه: «إذا أعجلت _أو قحطت_ فعليك الوضوء» وهو رواية لمسلم

বাংলা

১০৮। আবূ সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "পানি নির্গত (শুক্রপাত) হলেই পানির ব্যবহার অবধারিত বা ফরয।[1] এর মূল বক্তব্য বুখারীতে রয়েছে।[2]

English



Narrated Abu Sa'id Al-Khudri (rad):

Allah's Mesenger (ﷺ) said: "The water (of the ghusl) is due to the water (of sexual emission)". [Reported by Muslim]

and its Asl (origin) is in Al-Bukhari.

ফুটনোট

[1] মুসলিম ৩৪৩, আবু সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণনা করেন, তিনি বলেনঃ আমি রোববার দিবস রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর সাথে কুবার উদ্দেশ্যে রওয়ানা হলাম। চলতে চলতে আমরা যখন বানী সালেমে পৌঁছে তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম উতবান (রাঃ) এর দরজায় অবতরণ করলেন। এতে উতবান লুক্সি টানতে টানতে বাইরে বের হয়ে এলেন। তা দেখে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, ব্যক্তিটি আমাদের জন্য তাড়াহুড়া করছে। তখন উতবান (রাঃ) বললেন, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, কোন ব্যক্তি আয়ল করল অথচ মনি বের হয়নি। তবে এর বিধান কী?

[2] বুখারী ১৮০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন